



# **Daffodil** *International* **University**

Department of Computer Science & Engineering

*Art of Living – GED131*

## **Assignment**

Assignment on: শিক্ষার হেরফের

### **Submitted by:**

Student's Name: MD. Sahriar Ibna Rishad

Student ID: 212-15-4089

Section: PC-B (Summer 2021)

Date of Performance: 06/02/2022

Date of Submission: 09/02/2022

### **Submitted To:**

Name: Muhammad Sajidul Islam

Designation: Lecturer in Art of Living

Department: General Educational Development



রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধে আমাদের শিক্ষা ব্যবস্থার বেশ অনেকগুলো অসামঞ্জস্যতা দেখানো হয়েছে।  
আমি সবগুলো তুলে না ধরে একটা অংশ তুলে ধরছি।

আমাদের যেই ভাষায় বুঝতে সুবিধা হবে, অর্থাৎ নিজেদের মাতৃভাষা, সেই ভাষায় পড়াশোনা করানো উচিত। এতে শিক্ষকরাও ভালোভাবে বোঝাতে এবং শিক্ষার্থীদের মূল্যায়ন করতে পারবে। শিক্ষার্থীরাও ভালোভাবে বুঝতে পারবে।

এখন, যদি আমি আমাদের বিশ্ববিদ্যালয়ের উদাহরণ দিই। সেখানে আমাদের পরীক্ষা ইংরেজিতে নিতে বলা হয়েছে। এখানে আমার যথেষ্ট দ্বিমত রয়েছে। কারীগরি সাবজেক্টগুলো যেমন। গনিত, ইলেকট্রিক সার্কিট, ডাটা স্ট্রাকচার এসব সাবজেক্টের ক্লাসগুলো কিন্তু বাংলাতেই হয়। যদিও স্লাইডগুলো সব ইংরেজীতে থাকে, তবুও টিচাররা কিন্তু এসব আমাদের বাংলাতেই বোঝান (যদিও টিচাররা চাইলে স্লাইডগুলোও বাংলায় অনুবাদ করতে পারে) আর যেটা ইংরেজীতে আছে, কিন্তু বাংলাতে বোঝানো যায়। তাহলে সেটা নিয়ে এক্সামে বাংলায় কোয়েশ্চন করলে সমস্যা কী আর বাংলায় অ্যাপার দিলেই বা সমস্যা কী? আমাদের কাজ হচ্ছে শেখা, জানা, বোঝা বা বোঝানো। এই চাহিদাগুলো আগে পূরন হলে তারপর নাহয় অন্যকিছু নিয়ে ভাবা যাবে। এগুলোই ঠিকঠাক মত পূরন না হলে ইংরেজী নিয়ে এত মাতামাতি করে কী লাভ?

আর বাংলাতে সাপোর্ট করার হচ্ছে, ইংরেজীতে পড়তে গেলে বিরক্ত লাগে মাঝে মাঝে, পড়তে ইচ্ছা করে না। অনেক সময় বোঝা যায়না। আর যদি বোঝা যায়ও সেটা খাতায় লিখে বোঝাতে গেলে আবার সমস্যা। কারন, আমাদের কারোই ইংরেজীতে ভালো দক্ষতা নেই। যার জন্য আমাদের প্রাইমারি লেভেলের শিক্ষা এবং আমাদের চলমান শিক্ষা ব্যবস্থা দায়ী।

এরপর ধরে নিলাম, নাহয় কারীগরি শিক্ষার সাবজেক্টগুলো ইংরেজীতে। কিন্তু GED সাবজেক্টগুলোও কেনো এক্সামের খাতায় ইংরেজীতে লিখে বোঝাতে হবে?

“বাংলার” ইতিহাস, বাংলাদেশ শিক্ষা (Bangladesh Study), Art of Living এইগুলোর মত সাবজেক্ট (যেখানে দুটো সাবজেক্টের মধ্যেই বাংলা শব্দটা আছে) যেগুলো আমরা বাংলাতেই সবচেয়ে

ভালো বুঝতে, চিন্তা করতে, এবং বোঝাতে পারবো। সেখানে এই সাবজেক্টগুলোতেও কেনো ইংরেজীতে কোয়েশ্চন হবে আর ইংরেজীতে আমাদের অ্যান্সার দিতে হবে?

এবার আসি শিক্ষকদের কাছে।

এবার কিছুটা জীবনমুখী লেখা লিখছি। আমাদের প্রথম সেমিস্টারে বাংলার ইতিহাস সাবজেক্ট টা টিচার মিডটার্ম এবং ফাইনাল এক্সাম বাংলাতেই নিয়েছিলো। যতদূর বুঝতে পেরেছি, ওই টিচার এই সাবজেক্ট বাংলাতেই নেন। এবং ওই কোর্সের জন্য আমাদের যদি দুইটা বই পড়তে দেয়া হয়েছিলো, ওগুলো বাংলাতেই ছিলো।

কিন্তু পরবর্তী সেমিস্টারে আমাদের আসে "বাংলাদেশ স্টাডিজ" নামে একটি সাবজেক্ট। যেখানে বাংলাদেশ নিয়ে, বাংলার রীতি-ঐতিহ্য এসব ব্যাপারে পড়ানো হয়েছে। কিন্তু আমরা টিচারকে বাংলায় এক্সাম নিতে বললে উনি নেননি। উনি বলেন, ডিপার্টমেন্ট থেকে বলা আছে ইংরেজীতে নিতে, তাই উনি বাংলায় নিতে পারবেন না। তাহলে আমার প্রশ্ন হচ্ছে, প্রথম সেমিস্টারের টিচার বাংলায় এক্সাম নিলেন কিভাবে একই ডিপার্টমেন্ট থেকে???

হয়তো অবশ্যই কোনো না কোনো সুযোগ ছিলো। হয়তো বলা হয়েছে ইংরেজীতে এক্সাম নিতে, কিন্তু টিচারদের হয়ত কিছুটা ক্ষমতা দেয়া আছে এই ব্যাপারে!

কোনো না কোনো সিস্টেম আছেই। নাহলে প্রথম সেমিস্টারের বাংলায় নিতে পারতেন না। হয়তো অফলাইনে অথরিটি বেশী স্ট্রিক, কিন্তু অনলাইনে এক্সামের ক্ষেত্রে এই ব্যাপারে বেশী স্ট্রিক্ট না বা খুব একটা খেয়াল করা হয়না। তো আমাদের সেকেন্ড সেমিস্টারে অন্তত GED সাবজেক্টটা তো এই সুযোগটা কাজে লাগিয়ে বাংলায় নেয়া যেতো।

রেজাল্ট যদি বলি।

প্রথম সেমিস্টারের তুলনায় সেকেন্ড সেমিস্টারে রেজাল্ট কম হয়েছিলো। কিন্তু দুটো এক্সামেই একই রকম রেজাল্ট হওয়ার কথা।

GED সাবজেক্ট দুই সেমিস্টারে বাংলা, ইংরেজী দুইভাবে নেয়ায় দুই রেজাল্ট। আর কেনো রেজাল্টের এই তারতম্য সেটা শুরুদিকেই বলা হয়েছে। এ থেকে স্পষ্ট বোঝা যায় নিজ মাতৃভাষায় শিক্ষাদান কতটা গুরুত্বপূর্ণ!!!

এবারের কোর্সে আমরা টিচারকে আশ্ব করায় উনিও একই কথা বললেন, সব জায়গায় ইংরেজীতে এক্সাম নিতে বলা হয়েছে। উনি ক্লিয়ার করেননি বাংলায় নাকি ইংরেজীতে নেবেন। যতদূর সম্ভব ধারণা করা যাচ্ছে ইংরেজীতেই নেবেন। তাহলে কথা হচ্ছে, যদি সুযোগ থাকে, তাহলে বাংলাতে নিতে সমস্যা কী? কেনো অথরিটি প্রোটোকল ধরে বসে থাকা লাগবে? টিচার কেনো কিছুটা নিজের পাওয়ার খাটিয়ে বাংলায় নিতে পারছেন না?

GED ডিপার্টমেন্টেরই যদি এক টিচার বাংলায় নিতে পারেন, তাহলে অন্য টিচার কেনো নিতে পারবেন না?

প্রবন্ধের একটা মেইন পয়েন্ট ছিলো এটা, নিজের ভাষায় শিক্ষা। কিন্তু এখানে আমাদের নিজের বিশ্ববিদ্যালয় কোনো সাহায্য করছে না।

এখানে এই অবস্থা কিছুটা হলেও বদলানো সম্ভব হতো যদি শিক্ষকরা কোনো উপায়ে কিছুটা সাহায্য করতো। সবাই মিলে সাহায্য না করলে শিক্ষাব্যবস্থা কীভাবে পাল্টাবে?